

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

www.bpatc.org.bd

পিপিআর অনুবিভাগ

এসিএডি ও এসএসসি বাধ্যতামূলক করার বিষয়ে বিপিএটিসি'র মত প্রদান সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ  
এমডিএস (পিঅ্যান্ডএস), বিপিএটিসি, সাভার, ঢাকা  
স্থান : রেস্তুর'স কনফারেন্স রুম  
তারিখ : ০৪/০৭/২০২২ খ্রি.  
সময় : সকাল ১০:৩০ টা  
উপস্থিতি : তালিকা সংযুক্ত।

উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা আরম্ভ হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (পিপিআর) আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার সূত্রপাত করেন। সভায় জানানো হয়, জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটি (ইসিএনটিসি)-এর ২১তম সভায় এসিএডি ও এসএসসি কোর্স দু'টি বাধ্যতামূলক করার সুপারিশ করা হয়েছে। সে প্রেক্ষিতে সক্ষমতা ও পারিপার্শ্বিক বিষয়াদি বিবেচনাপূর্বক কোর্স দুটি বাধ্যতামূলক করার পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম সম্পর্কে মতামত প্রদানের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে বিপিএটিসিতে ১৫ জুন ২০২২ তারিখে অনুরোধ জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে, রেস্তুর মহোদয় কারিকুলাম ডেভেলপমেন্ট কমিটিকে এ বিষয়ে মতামত দেয়ার নির্দেশনা দিয়েছেন। এক্ষেত্রে, এসএসসি ও এসিএডি বাধ্যতামূলক করা হলে বিপিএটিসি কর্তৃক বছর প্রতি কিভাবে তা আয়োজন করা সম্ভব হবে সে বিষয়ে মতামত প্রণয়নের লক্ষ্যেই সভার আয়োজন। আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে উপস্থিত সদস্যবৃন্দের ঐকমত্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
০১.	এসএসসি ও এসিএডি বাধ্যতামূলককরণে বিপিএটিসি'র প্রস্তুতি বিষয়ক তথ্য প্রেরণ।	সভায় জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এসএসসি ও এসিএডিকে বাধ্যতামূলক করার উদ্যোগ সম্পর্কে অবহিত করা হয়। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি অনলাইনে সংযুক্ত থেকে মত প্রদান করেন। সভায় জানানো হয় জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের নির্বাহী কমিটি (ইসিএনটিসি) ২১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী যুগ্মসচিব/সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য এসএসসি এবং উপসচিব/সমপর্যায়ের কর্মকর্তাদের জন্য এসিএডি বাধ্যতামূলক করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তবে ঠিক কখন থেকে এ সিদ্ধান্ত বাস্তবায়িত হবে তা নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় পর্যালোচনা করছে এবং বিপিএটিসি'র মতামত তারা জানতে চেয়েছে। উপস্থিত সদস্যবৃন্দ এ বিষয়ে মত প্রকাশ করেন যে, বাধ্যতামূলক কোর্সসমূহ কবে থেকে শুরু হবে এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার এখতিয়ার জনপ্রশাসন	বিপিএটিসি কর্তৃক এসএসসি ও এসিএডি আয়োজনের সক্ষমতা সংশ্লিষ্ট তথ্য যেমন, বর্তমান, স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি ইত্যাদি শ্রেণীতে বিন্যস্তকরণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন/পিপিআর)

৩

ক্রম	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী
		মন্ত্রণালয়ের। তবে বিপিএটিসি কর্তৃক আগামীতে কত জনকে এসএসসি ও এসিএডি প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হবে তা মন্ত্রণালয়কে জানানোর বিষয়ে সভায় মত দেয়া হয়। এলফ্যে, বিপিএটিসি কর্তৃক বর্তমান, স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি সক্ষমতার পরিকল্পনার তথ্য মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।	
০২.	জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা হালনাগাদকৃত তথ্য সম্পর্কে ধারণা লাভ	এসিএডি ও এসএসসি বাধ্যতামূলককরণ একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বিধায় এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের হালনাগাদকৃত তথ্য ও সিদ্ধান্ত সম্পর্কে বিপিএটিসি'র অবহিত থাকা জরুরি বলে সভায় মত দেয়া হয়। এলফ্যে, সংশ্লিষ্ট সকলকে সময়ে সময়ে হালনাগাদকৃত তথ্য বিনিময়ে ও সংগ্রহে সচেতন প্রয়াস অব্যাহত রাখার আহ্বান জানানো হয়।	এসিএডি ও এসএসসি বাধ্যতামূলককরণ বিষয়ক হালনাগাদকৃত তথ্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিদ্ধান্ত সম্পর্কে অবহিত থাকতে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)/ সংশ্লিষ্ট কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

*আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ*  
০৪-০৭-২০২২  
আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ  
এমডিএস (পিঅ্যান্ডএস)

ও  
সভাপতি, কারিকুলাম ডেভেলপমেন্ট কমিটি  
বিপিএটিসি, সাভার, ঢাকা

কার্যবিবরণী নং-০৫.০১.২৬৭২.১৪০.২৫.০০২.২০. ০৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অনুমদ সদস্য (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা;

২। জনাব..... জনপ্রশাসন মন্ত্রণালয়

৩। রেক্টরের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);

৪। সহকারী প্রোগ্রামার-৪, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। সংশ্লিষ্ট নথি।

তারিখ: ০৪/০৭/২০২২

*হাসান সূতাজা মাসুম*  
হাসান সূতাজা মাসুম  
পরিচালক (পিপিআর)

ও  
সদস্য-সচিব, কারিকুলাম ডেভেলপমেন্ট কমিটি  
বিপিএটিসি, সাভার, ঢাকা

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র  
সাভার, ঢাকা  
www.bpatc.org.bd

কারিক্যুলাম ডেভেলপমেন্ট কমিটির সভার উপস্থিতি

স্থান: রেস্তুর কনফারেন্স রুম  
তারিখ: ০৪/০৭/২০২২ খ্রি.  
সময়: সকাল ১০:৩০ টা

ক্রমিক নং	নাম ও পদবি (জ্যেষ্ঠতাব ক্রমানুসারে নয়)	স্বাক্ষর
১.	শ্রীমতী মনজিলা মাস	
২.	শ্রীমতী মনজিলা মাস	
৩.	ড. মো: মুহাম্মদ আলী, MAS	
৪.	মোহাম্মদ বাজিবুদ ইসলাম পরিচালক (প্রোগ)	
৫.	মোহাম্মদ মাহমুদ পরিচালক (অন্যান্য)	
৬.	শ্রীমতী মনজিলা মাস, উপপরিচালক (প্রোগ)	
৭.	মোহাম্মদ মুহাম্মদ আলী, পরিচালক (সিএস)	
৮.		
৯.		
১০.		
১১.		
১২.		